## ২.৭ অনুবিভাগ-৭: ইউরোপ

বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ইউরোপ অনুবিভাগ বিভিন্ন ইউরোপীয় উন্নয়ন সহযোগী সংস্থা/ দেশ যথাঃ Department for International Development (DFID), The Swiss Agency for Development and Cooperation (SDC), ফ্রান্স এবং Agence Francaise De Development (AFD), ইউরোপীয় ইউনিয়ন (ইইউ), ইউরোপীয় ইনভেস্টমেন্ট ব্যাংক (ইআইবি), বেলজিয়াম, প্রজাতন্ত্রী জার্মান এর কারিগরি সহায়তাদানকারী সংস্থা GIZ এবং আর্থিক সহায়তাদানকারী সংস্থা KfW, নেদারল্যান্ডস, ইটালী, রাশিয়ান ফেডারেশন প্রভৃতি উন্নয়ন সহযোগী থেকে বৈদেশিক সহায়তা আহরণের জন্য মূলত অনুদান এবং কিছু কিছু ক্ষেত্রে ঋণ গ্রহণ করে থেকে।

ইউরোপ অনুবিভাগের আওতায় উন্নয়ন সহযোগী দেশ/সংসস্থাসমূহ মূলত শিক্ষা, স্বাস্থ্য, কৃষি উন্নয়ন, দারিদ্র বিমোচন, মানব সম্পদ উন্নয়ন, শ্রম পরিবেশ ও দক্ষতা উন্নয়ন, সুশাসন ও মানবাধিকার, অর্থনৈতিক ও বাণিজ্যিক উন্নয়ন, পরিবেশ, দুর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন, খাদ্য নিরাপত্তা ও পুষ্টি, বিদ্যুৎ ও জ্বালানী, নবায়নযোগ্য জ্বালানী, পরিবহন ও যোগাযোগ অবকাঠামোসহ সামাজিক ও অর্থনৈতিক অবকাঠামো খাতের কর্মসূচীসমূহ বাস্তবায়নে বৈদেশিক সহায়তা প্রদান করে থাকে।

২০১৫-১৬ অর্থ বছরে চলমান প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, খসড়া ঋণ চুক্তি পর্যালোচনা, নতুন প্রকল্পের অর্থায়ন প্রক্রিয়াকরণে আন্তঃ মন্ত্রণালয় নেগোসিয়েশন সভা ও ওয়ার্কশপসহ ইউরোপ অনুবিভাগে মোট ৪৬ টি সভা অনুষ্ঠিত হয়েছে। ২০১৫-১৬ অর্থ বছরে ইউরোপ অনুবিভাগের আওতায় ৩৯৯.০০ মিলিয়ন মার্কিন ডলার ব্যয় সম্বলিত মোট ১৩ টি প্রকল্পের ঋণ/ অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

### ২.৭.১ ২০১৫-১৬ অর্থ-বছরে সম্পাদিত গুরত্বপূর্ণ কার্যাবলীঃ

গত ২৫ ও ২৬ মে ২০১৬ তারিখে বাংলাদেশ-জার্মান দ্বিপাক্ষিক উন্নয়ন সহযোগীতা বিষয়ক আলোচনা সভা ২০১৬ অনুষ্ঠিত হয় এবং বুলগেরিয়ার রাজধানী সোফিয়ায় অনুষ্ঠিত Global Forum of Women Leaders শীর্ষক কর্মসূচীতে মাননীয় প্রধানমন্ত্রীর অংশগ্রহণ কালে ১৮ মে ২০১৬ তারিখে বাংলাদেশ ও বুলগেরিয়ার মধ্যে Economic Cooperation between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Bulgaria শীর্ষক একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এছাড়াও গত ১১ নভেম্বর,২০১৫ তারিখে ইউরোপীয় ইউনিয়ন-বাংলাদেশ যৌথ কমিশনের ৭ম সভা অনুষ্ঠিত হয়।




গত ১১ নভেম্বর, ২০১৫ তারিখে ইউরোপীয় ইউনিয়ন-বাংলাদেশ যৌথ কমিশনের ৭ম সভা অনুষ্ঠিত হয়।

“রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্ল্যান্ট নির্মাণের লক্ষ্যে খসড়া আন্তঃরাষ্ট্রীয় ঋণ চুক্তির ১৮ মে ২০১৬ তারিখে রাশিয়ান ফেডারেশনের অর্থ মন্ত্রণালয় মস্কোতে উভয় পক্ষের উচ্চ পর্যায়ের প্রতিনিধিদলের মধ্যে নেগোসিয়েশন সভা অনুষ্ঠিত হয় এবং উভয় সরকারের মধ্যে একটি Minutes of Discussion আন্তঃরাষ্ট্রীয় ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়। স্বাক্ষরিত হয় ও আরএনপিপি খসড়া আন্তঃরাষ্ট্রীয় ঋণ চুক্তি অনুস্বাক্ষরিত হয়।

২.৭.২ ২০১৫-১৬ অর্থ বছরে ইউরোপ অনুবিভাগে অনুষ্ঠিত স্ব-স্ব উন্নয়ন সহযোগী/সংস্থার সাথে সম্পাদিত গুরত্বপূর্ণ কার্যাবলী/প্রকল্পসমূহের বর্ণনা নিম্নে প্রদান করা হলঃ

গুরুত্বপূর্ণ প্রকল্পের অনুদান/ঋণ চুক্তি স্বাক্ষরের বিবরণীঃ

উন্নয়ন সহযোগীঃ Department for International Development (DFID)

(১) প্রকল্পের নামঃ The Building Capacity for the Use of Research Evidence (BCURE)

ক. চুক্তি স্বাক্ষরের তারিখঃ ০৬/১০/২০১৫

খ. বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগঃ মন্ত্রিপরিষদ বিভাগ

গ. অনুদানের পরিমাণঃ ১.৬৩ মিলিয়ন পাউন্ড স্টার্লিং (২.২৩ মিলিয়ন মার্কিন ডলার)

ঘ. প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ ২০১৫ থেকে ২০১৭ মেয়াদে বাস্তবায়িত হবে।

ঙ. প্রকল্পের উদ্দেশ্যঃ তথ্য ও গবেষণা উপাত্ত ব্যবহারের মাধ্যমে নীতিমালা প্রণয়নে সরকারি নীতিনির্ধারকদের দক্ষতা বৃদ্ধি করা। প্রকল্পের আওতায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুসৃত নীতিমালা প্রণয়ন পদ্ধতি/প্রক্রিয়ার উন্নয়নে গাইডলাইন তৈরি করা হবে। এ প্রকল্পের আওতায় পাইলট হিসাবে তিনটি মন্ত্রণালয়, যথাক্রমে বাণিজ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়ে তথ্য ও গবেষণা লব্দ উপাত্ত ব্যবহারের মাধ্যমে নীতিমালা প্রণয়নের গাইডলাইন তৈরিসহ কর্মকর্তা/নীতিনির্ধারকদের দক্ষতা উন্নয়নের কর্যক্রম গ্রহণ করা হবে।

(২) প্রকল্পেরনাম:‘Health System Strengthening (HSS)

ক. চুক্তি স্বাক্ষরের তারিখঃ ৩০/১২/২০১৫

খ. বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

গ. অনুদানের পরিমাণঃ ২.০ মিলিয়ন পাউন্ড স্টালিং (২৩.৪৭ কোটি টাকা)

ঘ. প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ ২০১৬ থেকে ২০১৮ মেয়াদে বাস্তবায়িত হবে।

ঙ. প্রকল্পের অর্থ ছাড়করণঃ (২০১৫-১৬ অর্থ বছর): ৩৩০৭২৫.৮৭ পাউন্ড স্টার্লিং (জানুয়ারি ২০১৬-জুন ২০১৬)

চ. প্রকল্পের উদ্দেশ্যঃ নগর স্বাস্থ্য ব্যবস্থায় ডিএফআইডিসহ অন্যান্য দাতা সংস্থা ও বাংলাদেশ সরকারের কার্যকক্রমকে আরো সুসমন্বিত ও সুসংহত করা। উক্ত প্রকল্পের আওতায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং এনিজওসহ নগর স্বাস্থ্য সেবার সাথে জড়িত প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বয় জোরদারকরণ এবং নগর স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জন্য একটি সাধারণ ম্যানেজমেন্ট ইনফরমেনশন সিস্টেম তৈরিতে সহায়তাকরণসহ সার্বিক প্রাথমিক স্বাস্থ্য সেবার সমন্বয় ব্যবস্থার উন্নয়ন সাধন করা হবে।

উন্নয়ন সহযোগীঃ Agence Francaise De Development (AFD)

(৩) প্রকল্পের নামঃ Development of Dhaka WASA Activities in Low Income Communities (LIC) including Capacity Building and Financial Modelling under the framework of the Saidabad III Project’

ক. চুক্তি স্বাক্ষরের তারিখঃ ০১ জুন ২০১৬

খ. বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগঃ স্থানীয় সরকার বিভাগ

গ. অনুদানের পরিমাণঃ ৫ মিলিয়ন ইউরো (৫.৫৪ মিলিয়ন মার্কিন ডলার)

ঘ. প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ ২০১৬ থেকে ২০১৯ মেয়াদে বাস্তবায়িত হবে।

চ. প্রকল্পের উদ্দেশ্যঃ ঢাকা ওয়াসা কর্তৃক বাস্তবায়নাধীন Dhaka Environmentally Sustainable Water Supply Project (Phase-II) এর ফ্রেমওয়াক্রে আওতায় ঢাকা শহরের বিদ্যমান বিভিন্ন বস্তিতে বসবাসরত নিম্ন আয়ের মানবগোষ্ঠীর জন্য সুপেয় পানি সরবরাহ করা হবে এবং LIC কর্মকান্ডে ও আর্থিক ব্যবস্থাপনায় উন্নয়নসহ ঢাকা ওয়াসার জনশক্তির দক্ষতা বৃদ্ধি করা হবে।

(৪) প্রকল্পের নামঃ Activating Village Courts in Bangladesh Phase II

ক. চুক্তি স্বাক্ষরের তারিখঃ ২৮ ডিসেম্বর ২০১৫
খ. বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গ. বাস্তবায়নকারী সংস্থাঃ স্থানীয় সরকার বিভাগ (এলজিডি)
ঘ. অনুদানের পরিমাণঃ ২৫ মিলিয়ন ইউরো
ঙ. প্রকল্পের মেয়াদঃ জানুয়ারি ২০১৬ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত।
চ. প্রকল্পের উদ্দেশ্যঃ এ প্রকল্পের উদ্দেশ্য হল ইউনিয়নসমূহের গ্রাম আদালতের এজলাস স্থাপন, ফার্নিচার সরবরাহ করাসহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সদস্য, সচিব, গ্রাম আদালত সহকারী, গ্রাম পুলিশ, উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং অন্যান্য সুবিধাভোগীদের গ্রাম আদালত পরিচালনা এবং ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান; গ্রাম আদালত সংক্রান্ত আইন ও নীতি সংশোধন; গ্রাম আদালতের কার্যক্রম ও এর দায় দায়িত্ব সম্পর্কে জনসাধারনকে সচেতন করা ইত্যাদি।

(৫) প্রকল্পের নামঃ Third Primay Education Development Programme (PEDP-3)

ক. চুক্তি স্বাক্ষরের তারিখঃ ১৯ জানুয়ারি ২০১৬ তারিখে একটি সংশোধিত অর্থায়ন চুক্তি স্বাক্ষরিত হয়।
খ. বাস্তবায়নকারী মন্ত্রণালয়ঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গ. বাস্তবায়নকারী সংস্থাঃ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
ঘ. অনুদানের পরিমাণঃ ৫৪+৫০=১০৪ মিলিয়ন ইউরো
ঙ. প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ জুলাই ২০১১ হতে জুন ২০১৭
চ. প্রকল্পের উদ্দেশ্যঃ এ প্রকল্পের উদ্দেশ্য হল বাংলাদেশের সকল শিশুর জন্য কার্যকরী, প্রাসঙ্গিক ও শিশু বান্ধব শিক্ষা প্রদানের লক্ষ্যে প্রাক-প্রাথমিক হতে প্রাথমিক শিক্ষা পর্যন্ত একটি কার্যকর, সামগ্রিক এবং সুষম এবং সুষম শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠা করা।

উন্নয়ন সহযোগীঃ European Envesment Bank (EIB):

(৬) প্রকল্পের নামঃ Laksam Akhura Double Track Rail

ক. চুক্তি স্বাক্ষরের তারিখঃ ১৫ অক্টোবর ২০১৫
খ. বাস্তবায়নকারী মন্ত্রণালয়ঃ রেলপথ মন্ত্রণালয়
গ. বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ রেলওয়ে
ঘ. অনুদানের পরিমাণঃ ১৩৫ মিলিয়ন ইউরো
ঙ. প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ জুলাই ২০১৪ হতে জুন ২০২০ পর্যন্ত।
চ. প্রকল্পের উদ্দেশ্যঃ প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে আখাউড়া ও লাকসাম সেকশনে নতুন ৭২ কিঃমিঃ ডাবল লাইন নির্মাণ, বিদ্যমান ৭২ কিঃমিঃ রেললাইনের মানোন্নয়ন এবং এ সেকশনে কম্পিউটার বেজড সিগন্যালিং সিস্টেম স্থাপনের মাধ্যমে বিদ্যমান রেল লাইনের মানোন্নয়ন ও সেকশনাল ক্যাপাসিটি বৃদ্ধি করা।

(৭) প্রকল্পের নামঃ "ক্যাপাসিটি বিল্ডিং এন্ড প্রজেক্ট ইমপি- মেনটেশান সাপোর্ট ফর পাওয়ার সেক্টর এজেনসিস (সিবিআইএসপি)"

ক. চুক্তি স্বাক্ষরের তারিখঃ ২৫ জানুয়ারি ২০১৬
খ. বাস্তবায়নকারী মন্ত্রণালয়ঃ বিদ্যুৎ বিভাগ
গ. বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
ঘ. অনুদানের পরিমাণঃ ৩.২ মিলিয়ন ইউরো
ঙ. প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ ১৭ মার্চ ২০১৫ থেকে ৩১ অক্টোবর ২০১৯ পর্যন্ত

চ.	প্রকল্পের উদ্দেশ্যঃ প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে বিদ্যুৎ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন ÔPower System Expansion and Efficiency Improvement Investment Program (PSEEIIP) শীর্ষক কর্মসূচী সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার দক্ষতা উন্নয়ন করা।

উন্নয়ন সহযোগীঃ Federal Republic of Germany:

(৮) প্রকল্পের নামঃ Efficiency Improvement in Grid-Based Power Supply

ক.	চুক্তি স্বাক্ষরের তারিখঃ ০৩ মে ২০১৬

খ.	প্রকল্প সাহায্যঃ ১৩৯.৫০ মিলিয়ন ইউরো

গ.	প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ ০১ জানুয়ারি ২০১৬/৩০ জুন ২০১৯

ঘ.	প্রকল্পের উদ্দেশ্যঃ বাংলাদেশের পশ্চিমাঞ্চলে ২৩০ কেভি এবং ১৩২ কেভি সঞ্চালন ব্যবস্থা ও সাব স্টেশনের উন্নয়নের মাধ্যমে নির্ভরযোগ্য এ অধিকতর কার্যকরভাবে ঐ অঞ্চলসমূহের বিদ্যুৎ বিতরণের পরিসর ও সক্ষমতা প্রতিষ্ঠা করা।



মাননীয় অর্থমন্ত্রী ও জার্মান পার্লামেন্টারী স্টেট সেক্রেটারী Mr. Hans-Joachin Fuchtel এর উপস্থিতিতে ৩মে ২০১৬ তারিখে kfw এর সাথে Efficiency Improvement in Grid-Based Power Supply প্রকল্পের চুক্তি স্বাক্ষর হয়।

(৯) চুক্তির নামঃ	“Adaptation of Climate Change into National and Local Development Planning (ACCNLDP)"

ক.	মন্ত্রণালয়/বিভাগের নামঃ পরিকল্পনা বিভাগ , পরিকল্পনা মন্ত্রণালয়

খ.	চুক্তি স্বাক্ষরের তারিখঃ ৬ ডিসেম্বর, ২০১৫

গ.	অনুদানের পরিমানঃ ৫ মিলিয়ন ইউরো (প্রায় ৫.৩০ মিলিয়ন মার্কিন ডলার)

ঘ.	বাস্তবায়নকালঃ ০১ নভেম্বর ২০১৫/৩১ অক্টোম্বর, ২০১৮

ঙ.	উন্নয়ন সহযোগীঃ GIZ

চ.	চুক্তির উদ্দেশ্যঃ জাতীয় ও স্থানীয় উন্নয়ন পরিকল্পনাসমূহ প্রণয়ণের সময় জলবায়ু সহিষ্ণুতার ইস্যুসমূহ বিবেচনায় এনে উন্নয়ন পরিকল্পনায় তা অন্তর্ভুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করা। বিশেষত বাংলাদেশে বিনিয়োগ প্রকল্পসমূহ গ্রহণের সময়ে উন্নত পদ্ধতি/প্রক্রিয়া, জ্ঞান সম্ভার সহকারে জলবায়ু-সহিষ্ণু পরিকল্পনার পথ শক্তিশালী করার বিষয়টি বিবেচ্য প্রকল্পের মাধ্যমে সম্পন্ন করা সম্ভব হবে।

প্রস্তাবিত প্রকল্পের মাধ্যমে এ সংক্রান্ত অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পের একটি তথ্য ভান্ডার গড়ে (GIS, MIS) তোলা হবে এবং এ প্রক্রিয়ার সঙ্গে জড়িতদের সামর্থ্য বিনির্মাণের (capacity development) পথ প্রশস্ত করার পদক্ষেপ গ্রহণ করার প্রচেষ্টা গ্রহণ করা হবে।

(১০) চুক্তির নামঃ "Management of Sundarbans Mangrove Forests for Biodiversity Conservation and Increased Adaptation to Climate Change"

ক. মন্ত্রণালয়/বিভাগের নামঃ পরিবেশ ও বন মন্ত্রণালয়

খ. চুক্তি স্বাক্ষরের তারিখঃ ১৫ অক্টোবর ২০১৫

গ. অনুদানের পরিমানঃ ৫ মিলিয়ন ইউরো (প্রায় ৫.৩০ মিলিয়ন মার্কিন ডলার)

ঘ. বাস্তবায়নকালঃ মে ২০১৫/এপ্রিল ২০১৯

ঙ. জার্মান সহায়তার GIZ

চ. চুক্তির উদ্দেশ্যঃ একটি সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে সুন্দরবনের ম্যানগ্রোভ বনাঞ্চলকে ইকো-সিষ্টেম নিভুর জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজন প্রক্রিয়ার মাধ্যমে উত্তরোত্তর উন্নয়ন সাধন এবং বিশ্ব ঐতিহ্যের ধারক আন্তঃসীমারেখাভুক্ত এ অঞ্চলের জীব বৈচিত্র্য সংরক্ষণ প্রচেষ্টায় অগ্রগতি সাধন। এ প্রকল্পটির মাধ্যমে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি এবং সংশ্লিষ্ট গুরত্বপূর্ণ অংশীদার কর্তৃক সমন্বয় ও অর্থবহ অংশগ্রহণের মাধ্যমে সুন্দরবনে একটি টেকসই ব্যবস্থাপনার উত্তরণ ঘটানো সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে।

(১১) চুক্তির নামঃ Promotion of Social and Environmental Standards in the Industry II (PSES II)

ক. মন্ত্রণালয়/বিভাগের নামঃ বাণিজ্য মন্ত্রণালয়

খ. চুক্তি স্বাক্ষরের তারিখঃ ৩০ মার্চ ২০১৬

গ. অনুদানের পরিমানঃ ৬.৪০ মিলিয়ন ইউরো অর্থাৎ প্রায় ৫৩.৩৯ কোটি টাকা

ঘ. বাস্তবায়নকালঃ নভেম্বর ২০১৫/সেপ্টেম্বর ২০১৭

ঙ. উন্নয়ন সহযোগীঃ GIZ

চ. চুক্তির উদ্দেশ্যঃ কারখানাসমূহ বিশেষ করে বস্ত্র, তৈরি পোষাক ও চামড়া শিল্পে ক্রমবর্ধমানভাবে জাতীয় পরিবেশগতও শ্রম আইনের অনুসরণ এবং আন্তর্জাতিক মানদন্ডে শ্রমিকের অধিকার নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করা। উলেখ্য যে, প্রকল্পটির মাধ্যমে কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে প্রতিবন্ধী শ্রমিকগোষ্ঠীর স্বার্থ সংরক্ষণেরও প্রচেষ্টা নেয়া সম্ভব হবে। ঢাকা ও বন্দর নগরী চট্রগ্রামে প্রকল্প সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা হবে।

(১২) চুক্তির নামঃ Urban Management Promotion of Internal Migration due to Climate Change) UMiMCC)

ক. মন্ত্রণালয়/বিভাগের নামঃ সমাজকল্যাণ মন্ত্রণালয়

খ. চুক্তি স্বাক্ষরের তারিখঃ ৩০ মার্চ ২০১৬

গ. অনুদানের পরিমানঃ ৫ মিলিয়ন ইউরো অর্থাৎ প্রায় ৪২.২৪ কোটি টাকা

ঘ. বাস্তবায়নকালঃ নভেম্বর ২০১৫/ডিসেম্বর ২০১৭

ঙ. উন্নয়ন সহযোগীঃ GIZ

চ. চুক্তির উদ্দেশ্যঃ খুলনা ও রাজশাহী অঞ্চলে বসবাসরত জলবায়ু পরিবর্তনের কারনে সৃষ্ট জলবায়ু অভিবাসীদের মৌলিক সেবা প্রদান ও প্রয়োজনীয় অবকাঠামোগত সহায়তা প্রদানের মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়ন করা।

(১৩) চুক্তির নামঃ Social and Labour Standards in the Textile and Garment Sector in Asia (SLSG)

ক. মন্ত্রণালয়/বিভাগের নামঃ বাণিজ্য মন্ত্রণালয়

খ. চুক্তি স্বাক্ষরের তারিখঃ ৩০ মার্চ ২০১৬

গ. অনুদানের পরিমানঃ ০.৫ মিলিয়ন ইউরো অর্থাৎ প্রায় ০৪.৩৬ কোটি টাকা

ঘ. বাস্তবায়নকালঃ মার্চ ২০১৬/জানুয়ারি ২০১৮

ঙ. উন্নয়ন সহযোগীঃ GIZ

চ. চুক্তির উদ্দেশ্যঃ বাংলাদেশের টেক্সটাইল এবং গার্মেন্টস শিল্পের শ্রমিকদের সামাজিক ও শ্রমমান উন্নত করার লক্ষ্যে সরকারি ও বেসরকারি এবং এশিয়ার অন্যান্য দেশের (কম্বোডিয়া, পাকিস্থান, মায়ানমার ও চীন) এ খাতের সাথে জড়িত সংশ্লিষ্টদের মধ্যে আঞ্চলিক সহযোগিতা ও যোগাযোগ জোরদার করা।